




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি
নীলক্ষেত্র, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫।
www.latc.gov.bd



বিষয় : অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রিয়সিকু তালুকদার,
উপপরিচালক (প্রশিক্ষণ)

সভার তারিখ : ২০/০৬/২০২১

সভার সময় : সকাল ১০.০০ টা

স্থান : প্রশিক্ষণ কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট- “ক”

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক আয়োজিত কোর্সের ব্যবস্থাপনা ও সেবার মান বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সহকারী পরিচালক(প্রশাসন) কে অনুরোধ জানালে নিম্নবর্ণিতভাবে আলোচনা হয়।

আলোচনাঃ সহকারী পরিচালক(প্রশাসন) সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পড়ে শোনান। কারো কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। পরে তিনি উক্ত সভায় উপস্থিত ২১তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সের অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ কে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কোর্স সম্পর্কে মতামত প্রকাশের জন্য অনুরোধ করেন। সকল প্রশিক্ষণার্থীই প্রতিটি অধিবেশনে কোর্সের সংশ্লিষ্ট বক্তাগণ স্পষ্ট ধারণা দিতে সমর্থ হয়েছেন বলে মতামত প্রদান করেন। অধিকাংশ প্রশিক্ষণার্থীই কোর্সটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাদের জন্য কার্যকরী ও বক্তাগণের উপস্থাপনা অনেক সমৃদ্ধ বলে উল্লেখ করেছেন। এ কেন্দ্রের কোর্স ব্যবস্থাপনা খুব চমৎকার এবং এ ধরনের প্রশিক্ষণ কোর্স তাদের কর্মদক্ষতা ও সেবা প্রদানের মান বৃদ্ধিতে সহায়ক হবে বলে প্রত্যেক প্রশিক্ষণার্থীই অভিমত প্রকাশ করেছেন। সভায় প্রশিক্ষণ কোর্স সম্পর্কে তারা নিম্নবর্ণিতভাবে কিছু সুপারিশ করেছেনঃ

১) অন্তত ৩ বছর পর পর এ ধরনের কোর্সে ভূমি ব্যবস্থাপনার ইউনিয়ন পর্যায়ে কর্মরত কর্মচারীদের অংশগ্রহণের ব্যবস্থা করার মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা যেতে পারে।

২) ভূমি সেবা সংক্রান্ত ব্যবহারিক অধিবেশন বেশি রাখা যেতে পারে।

৩) প্রশিক্ষণ কোর্সে লিখিত পরীক্ষার চেয়ে ব্যবহারিক মূল্যায়ন ও কুইজ বেশি রাখা যেতে পারে।

সিদ্ধান্তঃ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সের ব্যবস্থাপনার মান আরও বৃদ্ধি করা এবং কোর্স সম্পর্কে অংশগ্রহণকারীদের সুপারিশ/ মতামত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রিয়সিকু তালুকদার)
উপপরিচালক (প্রশিক্ষণ)


ও
টিম লিডার
এপিএ সংক্রান্ত কমিটি
ফোন : ৯৬৩৪০৯৪

স্মারক নম্বর-৩১.০৪.০০০০.০০০.১৬.০০৭.২০২১-৫৯৭/১(৫)

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৩। উপসচিব, এপিএ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।


(প্রিয়সিন্ধু তালুকদার)
উপপরিচালক (প্রশিক্ষণ)
ও
টিম লিডার
এপিএ সংক্রান্ত কমিটি
ফোন : ৯৬৩৪০৯৪